

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে চাল সরবরাহে বার্ষিক চালকল মালিকদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে চাল সরবরাহে বার্ষিক চালকল মালিকদের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

ক) অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে যে সকল মিলমালিক চুক্তিকৃত পরিমাণের ১০০% এর কম পরিমাণ চাল সরবরাহ করবে সে সকল মিলমালিকগণের সম্পূর্ণ জামানত বাজেয়াপ্ত করা। সেক্ষেত্রে সরবরাহের তারিখ শেষ হওয়ার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

খ) যে সকল মিলমালিক চুক্তি সম্পাদন করেন নাই সে সকল মিলমালিকগণকে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে চুক্তিতে অন্তর্ভুক্ত না করা এবং তদন্তপূর্বক লাইসেন্স বাতিলের ব্যবস্থাকরণ।

২। এমতাবস্থায়, উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-১-২০২৪

মোঃ লুৎফুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫৪৫৫৬৬

মহাপরিচালক (শ্রেণি-১)